



প্রিয় পিতামাতা/অভিভাবক:

আমরা আপনাকে এটা অবহিত করতে লিখছি যে, নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্ (NYCPS) এবং মেডিকেইড-এর আবশ্যিকতার অংশ হিসেবে, NYC স্কুলগুলোতে শিক্ষারত শিক্ষার্থীদের যেসব অকুপেশনাল, ফিজিক্যাল, এবং স্পিচ থেরাপি দেয়া হয়, চিকিৎসকদের দিয়ে NYCPS সেগুলো পর্যালোচনা করছে।

চিকিৎসক ক্ষণিকের জন্য আপনার সন্তানকে স্কুলে অথবা দূর থেকে (রিমোটভাবে) পর্যবেক্ষণ করবেন এবং শিক্ষার্থীর থেরাপিস্টের সাথে আলোচনা করবেন। পর্যবেক্ষণকারী চিকিৎসক আপনার সন্তানের ব্যক্তিগত সংস্পর্শে আসবেন না, এবং সকল পর্যবেক্ষণ শুধুমাত্র শিক্ষার্থীর থেরাপিস্টের(দের) উপস্থিতিতে করা হবে। এই পর্যালোচনাগুলো IEP প্রক্রিয়ার কোনো অংশ নয় এবং আপনার সন্তানের বর্তমান সুপারিশে কোনো প্রভাব বিস্তার করবে না। এই পর্যালোচনার জন্য আপনার কোনো খরচ বহন করতে হবে না এবং আপনার বর্তমান স্বাস্থ্য বিমা (হেলথ ইনসুরেন্স) গোপন রাখা হবে ও এতে কোনো প্রভাব ফেলবে না। অনুগ্রহ করে লক্ষ্য করবেন যে মেডিকেইড-এর জন্য যোগ্যতা বিষয়ক তথ্য চিকিৎসক অথবা স্কুল স্টাফের সাথে শেয়ার করা হবে না; সেজন্য IEP-তে অকুপেশনাল থেরাপি এবং/অথবা ফিজিক্যাল থেরাপি এবং/অথবা স্পিচ থেরাপি রয়েছে এমন সকল শিক্ষার্থীর জন্য আমরা এই পর্যালোচনাগুলো সম্পন্ন করি।

আমরা আশা করি এই পর্যালোচনাগুলো আপনার সন্তানকে দেয়া স্বাস্থ্য পরিষেবার উন্নতিতে NYCPS-এর প্রচেষ্টায় অবদান রাখবে এবং এসব পরিষেবার সমর্থনে ফেডারেল অর্থ লাভ নিশ্চিত করবে।

আপনার যদি কোনো প্রশ্ন থাকে, তবে অনুগ্রহ করে আপনার সন্তানের স্কুলের সাথে যোগাযোগ করুন।

আন্তরিকভাবে,

NYCPS অফিস অভ স্কুল হেলথ্
NYCPS অফিস অভ মেডিকেইড অপারেশনস্